

পরমাণু শক্তি তথ্য কেন্দ্র, ঢাকা।

তথ্য কেন্দ্রের লক্ষ্য, বিরাজমান সুবিধাদি ও কার্যক্রম:

পরমাণু শক্তি তথ্য কেন্দ্র, ঢাকা একটি পরমাণু শক্তি সংক্রান্ত তথ্য বিনিময় কেন্দ্র, যার প্রধান উদ্দেশ্য হলো পরমাণু শক্তির শান্তিপূর্ণ ব্যবহার ও প্রয়োগ সম্বন্ধে জনগণকে অবহিত করা। তথ্য কেন্দ্রটি রাশিয়ান ফেডারেশনের ROSATOM কর্তৃক প্রতিষ্ঠিত হয়েছে।

উদ্দেশ্য:

তথ্য কেন্দ্রটি বিনামূল্যে সকল শ্রেণী-পেশার জনগণকে পরমাণু শক্তি বিষয়ক তথ্য প্রদান করবে।

তথ্য কেন্দ্রের মূল লক্ষ্যসমূহ

১. জনগণকে পরমাণু শক্তি ও এর ব্যবহার সম্বন্ধে সাধারণ ধারণা প্রদান;
২. পরমাণু প্রযুক্তি ও পরমাণু শক্তি শিল্প সম্বন্ধে ইতিবাচক মনোভাব গড়ে তোলা;
৩. তরুণ প্রজন্মের মধ্যে বিশেষ শিক্ষা প্রদানপূর্বক পরমাণু শক্তি সম্বন্ধে জনপ্রিয়তা সৃষ্টি করা।

প্রত্যাশিত দর্শনার্থী:

- ক. দেশের জনগণ তথা শিক্ষার্থী;
- খ. শিক্ষক/ গবেষক;
- গ. গণমাধ্যম কর্মীবৃন্দ।

তথ্যকেন্দ্রে বিরাজমান সুবিধাদি:

এ তথ্য কেন্দ্রে ২টি হল আছে। যেগুলো হল-১ এবং হল-২ নামে পরিচিত।

হল-১ এ আছে:-

- * একটি LED টাচ স্ক্রিন- যার সাথে Internet সংযোগ দেয়া আছে- এর মাধ্যমে বিশেষ শিক্ষামূলক তথ্যসমূহ দেখা যাবে।
- * একটি Plasma TV এবং সাথে DVD player আছে যার মাধ্যমে বিশেষ শিক্ষামূলক DVD দেখানো হবে।
- * ২টি প্রদর্শনী মডেল আছে- যার একটি হলো NPP Safety models এবং অন্যটি হলো Dosimeter. এ ২টির মাধ্যমে পরমাণু বিদ্যুৎ প্লান্টের নিরাপত্তা ব্যবস্থা এবং মানবদেহে তেজস্ক্রিয়তার মাত্রা নির্ণয় করা হবে।
- * একটি মিডিয়া ব্রিফিং এলাকা আছে যেখানে গণমাধ্যম কর্মীসহ সকল ধরনের স্টেক হোল্ডারদের সাথে মতবিনিময় করা হবে।

হল-২ এ নিম্নলিখিত সুবিধাদি বিরাজমান। সেটাকে আমরা ভিডিও হল বলে অভিহিত করছি।

- * ছয়টি টেবিল যার প্রত্যেকটিতে একটি করে কম্পিউটার ও টাচ প্যাড সংযুক্ত আছে। এখানে একসাথে ৩৬ জন দর্শনার্থী বসতে পারবে এবং পরমাণু শক্তি সংক্রান্ত ভিডিও ডকুমেন্টারী দেখে নানাবিধ তথ্য জানতে পারবে। লব্ধ জ্ঞান কাজে লাগিয়ে অংশগ্রহণকারীরা কুইজ এবং গেমসে অংশ নিতে পারবে। এটি একটি আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থা।
- * এখানে আধুনিক প্রযুক্তি সমৃদ্ধ প্রজেকশন স্ক্রীন আছে। তিনটি পৃথক প্রজেক্টরের মাধ্যমে ভিডিও ডকুমেন্টারী দেখা যাবে। এ সিস্টেমের সাথে কম্পিউটার গ্রাফিক্স, এ্যানিমেশন, স্টেরিও সাউন্ড সিস্টেম ও ৬টি আন্তর্জাতিক যোগাযোগ মনিটর সংযুক্ত আছে।

তথ্য কেন্দ্রের কার্যক্রম:-

- ক. আগত দর্শনার্থীদের পরমাণু শক্তি সংক্রান্ত তথ্য প্রদান;
- খ. বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করা;
- গ. বিভিন্ন সময়ে বিজ্ঞান বিষয়ক গোলটেবিল বৈঠক/ সেমিনার ও কনফারেন্স ইত্যাদি আয়োজন।